''মুজিববর্ষের আহবান
সেবায় মিলবে পরিত্রাণ''

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা
www.dss.gov.bd

বিষয় : Integrated Digital Service Delivery Platform for Ministry of Social Welfare সিস্টেম বাস্তবায়নের লক্ষ্যে DSS এর Integrated digital Service সংশ্লিষ্ট SRS (Service Requirements Specification) চূড়ান্তকরণ সভার কার্যবিবরণী

সভাপতি : শেখ রফিকুল ইসলাম
মহাপরিচালক (গ্রেড-১), সমাজসেবা অধিদফতর

সভার স্থান : পদ্মা সভাকক্ষ (১০ম তলা), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

তারিখ ও সময় : ০২ জুন ২০২১, বেলা ১১.৩০ ঘটিকা

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা (পরিশিষ্ট 'ক')

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্ম বাস্তবায়নের লক্ষ্যে সিস্টেমটির ডেভেলপকারী প্রতিষ্ঠান Syntech Solution Ltd. কর্তৃক ৮ টি কম্পোনেন্ট এর মধ্যে সমাজসেবা অধিদফতর সংশ্লিষ্ট ৫টি কম্পোনেন্ট এর প্রস্তুতকৃত SRS (Software Requirement Simplification) যাচাই ও পুনঃসংশোধনের লক্ষ্যে সভায় সকল সদস্যের উপস্থিতিতে Syntech Solution Ltd এর প্রতিনিধিকে উপস্থাপনের জন্য অনুরোধ করেন। এ লক্ষ্যে তিনি বেশ কিছু পরামর্শ দেন ও সিস্টেমটি যেন ব্যবহার বান্ধব হয় তারও নির্দেশনা প্রদান করে সংশ্লিষ্ট সকলকে সক্রিয় অংশগ্রহণের আহবান জানান।

অতঃপর আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত ও বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | কম্পোনেন্ট ১: Grant, Fellowship, Scholarship, Apprentice/ Internship Management System | ২৪ ফেব্রুয়ারি ও ০১ মার্চ ২০২১ অনুষ্ঠিত সভায় এই কম্পোনেন্ট সম্পর্কে আলোচনা হয়। এ কম্পোনেন্টটির TOR এ উল্লিখিত ৫ টি মডিউল সভায় উপস্থাপন করা হয় ও আলোচনা করা হয়। সমাজসেবা অধিদফতরের বিদ্যমান MIS এ বিভিন্ন কার্যক্রমের প্রতিবেদন এই সফটওয়্যারে সমন্বয়ের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | **সিদ্ধান্ত:**<br>১.১ MIS এ অন্তর্ভুক্ত বিভিন্ন কার্যক্রমের সংক্ষিপ্ত প্রতিবেদনসহ ইউনিট অফিসের কার্যক্রমভিত্তিক বিস্তারিত প্রতিবেদন থাকতে হবে।<br><br>**বাস্তবায়ন:**<br>সমাজকল্যাণ মন্ত্রণালয়,<br>সিস্টেম ডেভেলপকারী প্রতিষ্ঠান Syntech Solution Ltd. |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত ও বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- |
| ০২. | কম্পোনেন্ট ২: Hospital and Disability Service Management System | ২১, ২৩ ও ২৫ মার্চ ২০২১ এই কম্পোনেন্ট সম্পর্কে সভা অনুষ্ঠিত হয়। সভায় কম্পোনেন্ট সম্পর্কে TOR এ উল্লিখিত ৪ টি মডিউলের ওপরে কিছু অবজারভেশন উপস্থাপন করা হয়। সমাজসেবা অধিদফতরাধীন হাসপাতাল সমাজসেবা কার্যক্রম ৫২৫টি ইউনিটে রোগী কল্যাণ সমিতির মাধ্যমে অসহায় রোগীদের সেবা প্রদান করে আসছে। বৃহৎ এই কর্মযজ্ঞের পরিধির কারণে পৃথক কম্পেনেন্ট হিসেবে চিহ্নিতকরণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | **সিদ্ধান্ত:**<br>২.১ Hospital Service Management System নামে পৃথক একটি কম্পোনেন্ট অথবা উক্ত কম্পোনেন্ট এর অধীন Disability Service Management System নামে সাব কম্পোনেন্ট করতে হবে।<br>২.২ সফটওয়্যারে জাতীয় সমাজক্যাণ পরিষদ কর্তৃক সমাজসেবা অধিদফতরের সকল হাসপাতাল সমাজসেবা কার্যালয়ে প্রেরিত অনুদান/বরাদ্দকৃত অর্থের প্রতিবেদন ও হাসপাতাল সমাজসেবা কার্যালয় কর্তৃক ব্যয়ের প্রতিবেদন দেখার সুবিধা থাকতে হবে।<br><br>**বাস্তবায়ন:**<br>সমাজকল্যাণ মন্ত্রণালয়,<br>সিস্টেম ডেভেলপকারী প্রতিষ্ঠান Syntech Solution Ltd. |
| ০৩. | কম্পোনেন্ট ৬: Disability School and Education Management System | ০৮, ১০ ও ১৪ মার্চ ২০২১ এই কম্পোনেন্ট সম্পর্কে সভা অনুষ্ঠিত হয়। ৪ টি মডিউলে কম্পোনেন্টটি সভায় উপস্থাপন করে বিস্তারিত আলোচনা হয়।<br>জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে সমাজসেবা অধিদফতরের জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্রে বিশেষ শিক্ষা, শিক্ষক প্রশিক্ষণ কলেজে বিএসএড ও এমএসএড ডিগ্রী গ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করে থাকেন। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রার্থীগণের কাগজপত্র মূল্যায়নপূর্বক ফলাফল তালিকা প্রস্তুত করে জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্রে প্রেরণ করে এবং উত্তীর্ণ প্রার্থীরা ভর্তি হন। একইভাবে ডিগ্রী লাভের চূড়ান্ত পরীক্ষার মূল্যায়নও জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে হয়ে থাকে। উল্লেখ্য সামগ্রিক মূল্যায়নের ১০০ নম্বরের মধ্যে ৭৫ নম্বর মূল্যায়ন করে থাকে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আর ২৫ নম্বরের মূল্যায়ন করে থাকে জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র। জাতীয় বিশেষ শিক্ষা | **সিদ্ধান্ত:**<br>৩.১ কম্পেনেন্টটির নাম Disability School and College Education Management System করতে হবে।<br>৩.২ ই-লাইব্রেরি ম্যানেজমেন্ট সফটওয়্যারে থাকতে হবে।<br>৩.৩ জাতীয় বিশ্ববিদ্যালয়কে এই কম্পোনেন্টে সফটওয়্যারে এক্সেস দেয়ার সুবিধা দিতে হবে।<br>৩.৫ স্কুল এবং কলেজ পর্যায়ে ভর্তি সংক্রান্ত ফলাফলের প্রতিবেদন ও পরীক্ষা মূল্যায়ন সংক্রান্ত প্রতিবেদন পাওয়ার সুবিধা থাকতে হবে। |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত ও বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | কেন্দ্র ২৫ নম্বরের মূল্যায়ন জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করে থাকে।<br>এছাড়া বিভিন্ন সময়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে যেসব নোটিশ আপলোড হয় সেসব নোটিশগুলো জাতীয় বিশেষ শিক্ষার বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজের বিএসএস ও এমএসএস এর প্রার্থীগণ যাতে নোটিফিকেশন পায় সে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>স্কুল পর্যায়ে দশম শ্রেণী পর্যন্ত যেসব শিক্ষার্থী রয়েছে তাদের চূড়ান্ত মূল্যায়ন স্কুলের প্রধান শিক্ষক প্রস্তুত করে কেন্দ্রের অধ্যক্ষকে প্রেরণ করেন। সফটওয়্যারে এসকল বিষয়ের প্রতিবেদন সুবিধা থাকার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | **বাস্তবায়ন:**<br>সমাজকল্যাণ মন্ত্রণালয়,<br>সিস্টেম ডেভেলপকারী প্রতিষ্ঠান Syntech Solution Ltd. |
| ০৪. | কম্পোনেন্ট ৭: Child Management System | ২৮, ৩০ মার্চ ও ১ এপ্রিল ২০২১ এই কম্পোনেন্ট সম্পর্কে সভা অনুষ্ঠিত হয়। TOR এ উল্লিখিত Child Management System ৫ টি মডিউলে আলোচনা হয়। সভায় সমাজসেবা অধিদফতর কর্তৃক পরিচালিত প্রতিষ্ঠানসমূহের সকল কার্যাবলী সম্পর্কে কম্পোনেন্টের যেসব বিষয় SRS এ উল্লিখিত আছে এবং আরও যা সংযোজন করা প্রয়োজন সেসকল বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | **সিদ্ধান্ত:**<br>৪.১ SRS এ উল্লিখিত সমাজসেবা অধিদফতরের সকল প্রতিষ্ঠানসহ আইন দ্বারা প্ররিচালিত হচ্ছে সেসকল প্রতিষ্ঠানের স্টুডেন্ট ট্রান্সফার সিস্টেম, সেফটি এন্ড সিকিউরিটি ম্যানেজমেন্ট সিস্টেম, ইনসিডেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারে থাকতে হবে।<br>**বাস্তবায়ন:**<br>সমাজকল্যাণ মন্ত্রণালয়,<br>সিস্টেম ডেভেলপকারী প্রতিষ্ঠান Syntech Solution Ltd. |
| ০৫. | কম্পোনেন্ট ৮: Social Welfare Service Delivery App | ০৪, ০৬ ও ০৮ এপ্রিল ২০২১ এই কম্পোনেন্ট সম্পর্কে সভা অনুষ্ঠিত হয়। সভায় কম্পোনেন্টটি ২ টি মডিউলে উপস্থাপনপূর্বক আলোচনা হয়। | **সিদ্ধান্ত:**<br>সমাজসেবা অধিদফতর পরিচালিত সকল কার্যক্রম এই Social Welfare Service Delivery App এ থাকতে হবে।<br>**বাস্তবায়ন:**<br>সমাজকল্যাণ মন্ত্রণালয়,<br>সিস্টেম ডেভেলপকারী প্রতিষ্ঠান Syntech Solution Ltd. |
| ০৬. | বিবিধ | ১. সমাজসেবা অধিদফতর থেকে প্রশাসনিক মন্ত্রণালয়ে যেসব সুপারিশ কিংবা চাহিদা প্রেরণ করা হয় সেগুলোর | **সিদ্ধান্ত:**<br>৬.১ সার্ভিস ট্র্যাকিং এর সুযোগ থাকতে হবে। |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত ও বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- |
| | | সর্বশেষ অবস্থান দেখার ব্যবস্থা করা যায় কি না সেটি নিয়ে আলোচনা হয়।<br>২. জিআরএস এবং ইনকোয়ারি সিস্টেম, অটো রিপোর্ট জেনারেট সিস্টেম সফটওয়্যারে থাকার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>৩. প্রশিক্ষণ ও পুনর্বাসন সংক্রান্ত ৪৫টি প্রতিষ্ঠানসমূহ ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্ম সফটওয়্যারে সংশ্লিষ্ট ৫ নং কম্পোনেন্ট Training & Accomodation Management System এ অন্তর্ভূক্তকরণসহ জাতীয় সমাজসেবা একাডেমির সফটওয়্যারটিও একই সাথে অন্তর্ভূক্ত করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ৬.২ মাসের ১ তারিখে অটো রিপোর্ট জেনারেট সিস্টেম থাকতে হবে। বিগত মাসের শেষ দিন পর্যন্ত রিপোর্টে ইনপুট দেয়ার সুযোগ থাকতে হবে।<br>৬.৩ জিআরএস এবং ইনকোয়ারি সিস্টেম থাকতে হবে।<br>৬.৪ প্রশিক্ষণ সংশ্লিষ্ট ৫ নং কম্পোনেন্ট Training & Accomodation Management System এ সমাজসেবা অধিদফতরাধীন ৪৫ টি প্রশিক্ষণ ও পুনর্বাসন সংশ্লিষ্ট কার্যালয়/কেন্দ্র/প্রতিষ্ঠানসমূহ সফটওয়্যারে অন্তর্ভূক্ত করতে হবে।<br>৬.৫ সফটওয়্যারটি User Friendly হতে হবে।<br>৬.৬ কার্যক্ষেত্রে সফটওয়্যার বাস্তবায়ন করতে গিয়ে TOR কিংবা SRS এ উল্লেখ নেই এরকম কোন বিষয় সংযোজন অথবা বিয়োজনের প্রয়োজন হতে পারে- এসব ক্ষেত্রে পরিবর্তনের সুযোগ থাকতে হবে।<br><br>**বাস্তবায়ন:**<br>সমাজকল্যাণ মন্ত্রণালয়,<br>সিস্টেম ডেভেলপকারী প্রতিষ্ঠান Syntech Solution Ltd. |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

শেখ রফিকুল ইসলাম
মহাপরিচালক
ফোন: +৮৮০২-৫৫০০৭০২৪
ই-মেইল: dg@dss.gov.bd

নম্বর:৪১.০১.০০০০.০২০.০৬.০১১.১৮. ৬৫৭ তারিখ: ১৩-০৬-২০২১

বিতরণ:

সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। পরিচালক (প্রশাসন ও অর্থ/কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

০২। বিভাগীয় পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল)..........................................সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

০৩। কর্মসূচি পরিচালক, প্রতিবন্ধতা শনাক্তকরণ জরিপ কর্মসূচি, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

০৪। অতিরিক্ত পরিচালক, (কার্যক্রম-১/কার্যক্রম-২/পরিকল্পনা ও উন্নয়ন/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা-১/সামাজিক নিরাপত্তা-২/সামাজিক নিরাপত্তা-৩/সামাজিক নিরাপত্তা-৪) সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

০৫। অধ্যক্ষ/উপপরিচালক (সকল)....................................জাতীয় সমাজসেবা একাডেমি/আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

০৬। সিস্টেম এনালিস্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৭। CEO, Syntech Solution Ltd, বাড়ি-৪৫, রোড-২০, মহাখালি, ডিওএইচএস, ঢাকা-১২০৬।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। একান্ত সচিব, সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। উপসচিব (প্রশাসন-২), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৩/০৬/২১

মোহাম্মদ রেজাউর রহমান
উপপরিচালক
গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা
ফোন: ৯১৩৭৯৮৫
ই-মেইল: dd.pub@dss.gov.bd